

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও  
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।



স্মারক নং-৩৩.০১.০০০০.৮৩৩.০৬.০০১.১৯-১১৫৭

তারিখঃ ০৯/১১/২০২১ খ্রিঃ

প্রাপক

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

.....  
.....

বিষয় : সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃক বকনা গরু ও অন্যান্য উপকরন বিতরণের পর উপজেলা দপ্তর কর্তৃক মনিটরিং কার্যক্রম ও ফিল্ড ফ্যাসিলিটিটদের দৈনন্দিন কার্যাবলী সম্পর্কে তথ্য প্রেরণ প্রসঙ্গে

সূত্র : মত্স ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৩৩.০০.০০০০.১৩৯.০৬.০০৫.১৯-২৬৩, তারিখঃ ২৮.০৮.২০২১।

উর্পর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ফিল্ড ফ্যাসিলিটিটের উপজেলা নির্বাচন কমিটির মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়েছে। এ প্রকল্পের আওতায় সুফলভোগীদের মাঝে বকনা গরু সহ অন্যান্য উপকরন বিতরণ করা হয়েছে। বিগত ২৮/০৯/২০২১ তারিখে মন্ত্রণালয় এডিবি সভায় ফিল্ড ফ্যাসিলিটিটদের দৈনন্দিন কার্যক্রম এবং বকনা গরু সহ অন্যান্য বিতরণকৃত সরকারী অনুদান সমূহ টেকসই করার লক্ষ্যে বকনা গরু বিতরণের পর ব্যবস্থাপনা, ঘাষ চাষ সঠিকভাবে হচ্ছে কিনা এতদসংক্রান্ত সার্বিক মনিটরিং এ বিষয়ে বিষদ আলোচনা হয়। অতপর মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর মহোদয়কে পরবর্তী এডিবি সভায় এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত জানানোর জন্য নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, বকনা গরু ও অন্যান্য উপকরন বিতরণের পর ব্যবস্থাপনা ও ঘাষ চাষ সঠিক ভাবে হচ্ছে কিনা এবং ফিল্ড ফ্যাসিলিটিটদের দৈনন্দিন কার্যাবলী তথ্যাবলী উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের মনিটরিং বিষয়ে সুপষ্ট মতামত আগামী ৭(সাত) দিনের মধ্যে প্রকল্প দপ্তরে তথ্য প্রেরণ জন্য অনুরোধ করা হল।

“বিষয়টি অতীব জরুরী”

ড. অসীম কুমার দাস  
প্রকল্প পরিচালক

সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও  
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

e-mail: [pddt1p@gmail.com](mailto:pddt1p@gmail.com)

সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক- প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, প্রশাসন প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি:

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর; ঢাকা/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল/খুলনা ও সিলেট।
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা; গাজীপুর/ময়মনসিংহ/নেত্রকোনা/টাঙ্গাইল/শেরপুর/জামালপুর/মৌলভীবাজার/হবিগঞ্জ/সিলেট/সুনামগঞ্জ/রংপুর/ঠাকুরগাঁও/গাইবান্ধা/দিনাজপুর/সিরাজগঞ্জ/নাটোর/পাবনা/বগুড়া/জয়পুরহাট/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/রাজশাহী/বরগুনা/চট্টগ্রাম/পটুয়াখালী/চাঁদপুর/কক্সবাজার/সাতক্ষীরা/খুলনা।
- ৩। অফিস নথি।